



### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা দাগনভূঞা উপজেলার সর্বসাধারণের অবগতি ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে দাগনভূঞা উপজেলায় করোনা সংক্রমণ বেড়ে গিয়েছে। এমতাবস্থায়, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধকল্পে উপজেলা করোনা রেসপন্স টিম এর সিদ্ধান্তক্রমে অধিকতর সংক্রমিত এলাকা হিসেবে দাগনভূঞা পৌরসভা, ২নং রাজাপুর ইউনিয়ন, ৩নং পূর্বচন্দ্রপুর ইউনিয়ন এবং ৫নং ইয়াকুবপুর ইউনিয়ন অর্থাৎ ১০/০৬/২০২০ খ্রি. তারিখ থেকে ২৫/০৬/২০২০ তারিখ পর্যন্ত লকডাউন ঘোষণা করা হলো।

#### নির্দেশাবলী :

১. লকডাউন ঘোষিত এলাকায় বহিরাগত (অন্য এলাকার) কোন লোকজন প্রবেশ করতে বা লকডাউন ঘোষিত এলাকার লোকজন অন্য কোন এলাকায় যেতে পারবে না।
২. কঠোর স্বাস্থ্যবিধি মেনে সকাল ০৮.০০ টা থেকে বেলা ১২.০০ টা পর্যন্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান ও কৃষিপণ্যের দোকান ব্যতিত সকল দোকান বন্ধ থাকবে তবে ঔষধের দোকান সার্বক্ষণিক খোলা রাখা যাবে। ক্রেতাগণ মাস্ক বা সুরক্ষা সামগ্রী ব্যবহার না করলে লেনদেন বর্জন করতে হবে। কাঁচাবাজার স্থানীয়ভাবে না বাসে ভ্যানে করে বিক্রি করা যাবে।
৩. লকডাউন ঘোষিত এলাকায় সকল ধরনের যানবাহন, রিক্সা, অটোরিক্সা, সিএনজি, টমটম ও মোটর সাইকেল প্রভৃতি চলাচল বন্ধ থাকবে।
৪. লকডাউন ঘোষিত এলাকার সাথে পার্শ্ববর্তী এলাকার সীমান্ত যোগাযোগ ২৫/০৬/২০২০ তারিখ পর্যন্ত বন্ধ ঘোষণা করা হল। তবে রোগী পরিবহনের গাড়ি নিয়মানুযায়ী এবং দূরপাল্লার গাড়ি বা মালবাহী গাড়ি লকডাউন ঘোষিত এলাকায় স্টপেজ ব্যতিত চলাচল করতে পারবে।
৫. সকল প্রকার জনসমাগম পরিহার করতে হবে। মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে নামাজ/প্রার্থনা আদায়ে স্বাস্থ্যবিধি ও নিরাপদ দূরত্ব (কমপক্ষে ৩ ফুট) কঠোরভাবে মেনে চলতে হবে। মাস্ক পরা বাধ্যতামূলক।
৬. যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নিম্নস্বাক্ষরকারীর অনুমতি নিয়ে লকডাউন এলাকায় ত্রাণ বিতরণ ও সামাজিক নিরাপত্তা বেটনীর অন্তর্ভুক্ত ভাতা/সেবা প্রদান করতে হবে।
৭. লকডাউন ঘোষিত এলাকায় চলমান সকল সরকারি উন্নয়নমূলক কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন সাপেক্ষে পরিচালনা করা যাবে।
৮. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জরুরী প্রয়োজনে খোলা থাকলেও ছাত্র/ছাত্রী সরকারী নির্দেশনা ছাড়া স্কুলে প্রবেশ করতে পারবে না।
৯. লকডাউন ঘোষিত এলাকার সকল সরকারি/বেসরকারি অফিস, ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে পারবে।

\* লক ডাউনের এলাকা বর্হিভূত দাগনভূঞা উপজেলার অন্যান্য এলাকাসমূহ ০২/০৬/২০২০ তারিখের জারীকৃত গণবিজ্ঞপ্তির আওতায় থাকবে।

(মোঃ রবিউল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

করোনা রেসপন্স টিম

উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি

দাগনভূঞা, ফেনী

০৩৩২৩-৭৯০০৯

০১৭১৩-১৮৭৩৭৮

[unodaganbhuiyan@mopa.gov.bd](mailto:unodaganbhuiyan@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.২২.০০১.২০২০- ৪৮৬

তারিখ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
১০ জুন ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংসদীয় আসন ২৬৭ (ফেনী-৩)
২. জেলা প্রশাসক, ফেনী।
৩. চেয়ারম্যান উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
৪. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী।
৫. সহকারী কমিশনার (ভূমি), দাগনভূঞা, ফেনী।
৬. অফিসার ইনচার্জ, দাগনভূঞা থানা, দাগনভূঞা, ফেনী।
৭. উপজেলা ..... অফিসার, দাগনভূঞা, ফেনী।
৮. চেয়ারম্যান, ..... ইউনিয়ন (সকল), দাগনভূঞা, ফেনী।
৯. সভাপতি/সম্পাদক ..... দাগনভূঞা, ফেনী।
১০. জনাব ..... দাগনভূঞা, ফেনী।

উপজেলা নির্বাহী অফিসার  
দাগনভূঞা, ফেনী

১০/৬/২০২০



### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা দাগনভূঞা উপজেলার সর্বসাধারণের অবগতি ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে দাগনভূঞা উপজেলায় করোনা সংক্রমণ বেড়ে গিয়েছে। এমতাবস্থায়, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধকল্পে উপজেলা করোনা রেসপন্স টিম এর সিদ্ধান্তক্রমে অধিকতর সংক্রমিত এলাকা হিসেবে দাগনভূঞা পৌরসভা, ২নং রাজাপুর ইউনিয়ন, ৩নং পূর্বচন্দ্রপুর ইউনিয়ন এবং ৫নং ইয়াকুবপুর ইউনিয়ন অর্থাৎ ১০/০৬/২০২০ খ্রি. তারিখ থেকে ২৫/০৬/২০২০ তারিখ পর্যন্ত লকডাউন ঘোষণা করা হলো।

#### নির্দেশাবলী :

১. লকডাউন ঘোষিত এলাকায় বহিরাগত (অন্য এলাকার) কোন লোকজন প্রবেশ করতে বা লকডাউন ঘোষিত এলাকার লোকজন অন্য কোন এলাকায় যেতে পারবে না।
২. কঠোর স্বাস্থ্যবিধি মেনে সকাল ০৮.০০ টা থেকে বেলা ১২.০০ টা পর্যন্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান ও কৃষিপণ্যের দোকান ব্যতিত সকল দোকান বন্ধ থাকবে তবে ঔষধের দোকান সার্বক্ষণিক খোলা রাখা যাবে। ক্রেতাগণ মাস্ক বা সুরক্ষা সামগ্রী ব্যবহার না করলে লেনদেন বর্জন করতে হবে। কাঁচাবাজার স্থানীয়ভাবে না বসে ভ্যানে করে বিক্রি করা যাবে।
৩. লকডাউন ঘোষিত এলাকায় সকল ধরনের যানবাহন, রিক্সা, অটোরিক্সা, সিএনজি, টমটম ও মোটর সাইকেল প্রভৃতি চলাচল বন্ধ থাকবে।
৪. লকডাউন ঘোষিত এলাকার সাথে পার্শ্ববর্তী এলাকার সীমান্ত যোগাযোগ ২৫/০৬/২০২০ তারিখ পর্যন্ত বন্ধ ঘোষণা করা হল। তবে রোগী পরিবহনের গাড়ি নিয়মানুযায়ী এবং দূরপাল্লার গাড়ি বা মালবাহী গাড়ি লকডাউন ঘোষিত এলাকায় স্টপেজ ব্যতিত চলাচল করতে পারবে।
৫. সকল প্রকার জনসমাগম পরিহার করতে হবে। মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে নামাজ/প্রার্থনা আদায়ে স্বাস্থ্যবিধি ও নিরাপদ দূরত্ব (কমপক্ষে ৩ ফুট) কঠোরভাবে মেনে চলতে হবে। মাস্ক পরা বাধ্যতামূলক।
৬. যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নিম্নস্বাক্ষরকারীর অনুমতি নিয়ে লকডাউন এলাকায় ত্রাণ বিতরণ ও সামাজিক নিরাপত্তা বেটনীর অন্তর্ভুক্ত ভাতা/সেবা প্রদান করতে হবে।
৭. লকডাউন ঘোষিত এলাকায় চলমান সকল সরকারি উন্নয়নমূলক কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন সাপেক্ষে পরিচালনা করা যাবে।
৮. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জরুরী প্রয়োজনে খোলা থাকলেও ছাত্র/ছাত্রী সরকারী নির্দেশনা ছাড়া স্কুলে প্রবেশ করতে পারবে না।
৯. লকডাউন ঘোষিত এলাকার সকল সরকারি/বেসরকারি অফিস, ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে পারবে।

\* লক ডাউনের এলাকা বর্হিভূত দাগনভূঞা উপজেলার অন্যান্য এলাকাসমূহ ০২/০৬/২০২০ তারিখের জারীকৃত গণবিজ্ঞপ্তির আওতায় থাকবে।

(মোঃ রবিউল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

করোনা রেসপন্স টিম

উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি

দাগনভূঞা, ফেনী

০৩৩২৩-৭৯০০৯

০১৭১৩-১৮৭৩৭৮

[unodaganbhuiyan@mopa.gov.bd](mailto:unodaganbhuiyan@mopa.gov.bd)




স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.২২.০০১.২০২০- ৪৮৬

তারিখ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
১০ জুন ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংসদীয় আসন ২৬৭ (ফেনী-৩)
২. জেলা প্রশাসক, ফেনী।
৩. চেয়ারম্যান উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
৪. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী।
৫. সহকারী কমিশনার (ভূমি), দাগনভূঞা, ফেনী।
৬. অফিসার ইনচার্জ, দাগনভূঞা থানা, দাগনভূঞা, ফেনী।
৭. উপজেলা ..... অফিসার, দাগনভূঞা, ফেনী।
৮. চেয়ারম্যান, ..... ইউনিয়ন (সকল), দাগনভূঞা, ফেনী।
৯. সভাপতি/সম্পাদক ..... দাগনভূঞা, ফেনী।
১০. জনাব ..... দাগনভূঞা, ফেনী।

  
উপজেলা নির্বাহী অফিসার  
দাগনভূঞা, ফেনী